

স্মারক নম্বর: ১০১-৩(ট)-০২৬১ / ৪২৬৭

তারিখ: ২৭/০৭/২০২৫ খ্রি।

বিষয়: ঢাকা জেলার দক্ষিণ কেরাণীগঞ্জ থানাধীন ঢাকা-বেতকা সড়কের পাশে জাজিরা মৌজায় “চৌধুরী মার্ট এন্ড ফিলিং স্টেশন” নামক প্রস্তাবিত পেট্রোলিয়াম ফিলিং স্টেশন প্রাপ্তি ৬৫,০০০ লিটার ১ম ও ২য় শ্রেণির পেট্রোলিয়াম (ডিজেল: ২৫,০০০ লিটার, পেট্রোল: ২৫,০০০ লিটার ও অকটেন: ১৫,০০০ লিটার) মজুদের ‘ট’ ফরম লাইসেন্স মঞ্জুর প্রসঙ্গে।


সূত্র: ১। চৌধুরী মার্ট এন্ড ফিলিং স্টেশন কর্তৃক দাখিলকৃত ১৭/০৪/২০২৫ খ্রি. তারিখের পত্র।

২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অপারেশন-১ অধিশাখার স্মারক নম্বর ২৮.০৮.০০০০.০২৬. ৪০.০১৩.১৮-১৩৬; তারিখ: ২৪ জুন, ২০১৯।

৩। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর স্মারক নং-২৮.০৩.০০০০.০৬৬.১৬.১১৯.২৩-৭৩; তারিখ: ০৫/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের পরিপ্রেক্ষিতে দাখিলকৃত আবেদনের ওপর এ দপ্তরের নিম্নরূপ পর্যবেক্ষণ দেয়া হলো:

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৪ জুন ২০১৯ তারিখের অপারেশন-১ অধিশাখার স্মারক নম্বর ২৮.০৮.০০০০.০২৬. ৪০.০১৩.১৮-১৩৬ এর মাধ্যমে নতুন ফিলিং স্টেশন/সার্ভিস স্টেশনের অনুমোদন বন্ধ রাখার বিষয়ে নির্দেশনা অদ্যাবধি বহাল থাকায় “চৌধুরী মার্ট এন্ড ফিলিং স্টেশন (স্বত্বাধিকারী: মুহম্মদ সাইদুর রহমান চৌধুরী, বড়চর, ঢাকা-বেতকা সড়ক, কোন্ডা, থানা: দক্ষিণ কেরাণীগঞ্জ, জেলা: ঢাকা-১৩১১)” নামক পেট্রোলিয়াম ফিলিং স্টেশনের নকশা অনুমোদনের আবেদন নির্দেশক্রমে নামঞ্জুর করা হলো।



(ফরিদ উদ্দীন আহমেদ)

উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

ফোন: +৮৮০২৮৩৯২৫৯৪

মুহম্মদ সাইদুর রহমান চৌধুরী  
স্বত্বাধিকারী: চৌধুরী মার্ট এন্ড ফিলিং স্টেশন  
বড়চর, ঢাকা-বেতকা সড়ক, কোন্ডা  
থানা: দক্ষিণ কেরাণীগঞ্জ, জেলা: ঢাকা-১৩১১।

স্মারক নম্বর: ১০১-৩(ট)-০২৬১

তারিখ: ১০/৭/২০২৫ খ্রি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত:

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম। “সূত্রস্থ ৩ নং স্মারকের পরিপ্রেক্ষিতে দেখা যায় ২ নং সূত্রস্থ পত্রের নির্দেশনার আলোকে এ সংশ্লিষ্ট কার্যক্রম বন্ধ থাকার পরেও ২০২৪ সালে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে ফিলিং স্টেশন স্থাপনের অনাপত্তি প্রদান করা হয়েছে। বিদ্যমান পরিস্থিতিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২ নং সূত্রস্থ স্মারকের নির্দেশনার সাথে ফিলিং স্টেশন স্থাপনের বিষয়টি এ দপ্তরের নিকট সুস্পষ্ট না হওয়ায়, এ সংশ্লিষ্ট বিষয়ে বিস্ফোরক অধিদপ্তরের অংশের কার্যক্রম নেয়া সম্ভব হলো না” এ বিষয়টি চেয়ারম্যান মহোদয়কে সদয় অবগত করানোর অনুরোধ জানানোসহ।

২। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

৩। মহাব্যবস্থাপক (বন্টন ও বিপণন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।



(ফরিদ উদ্দীন আহমেদ)

উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক, ঢাকা